

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার  
রংপুর।

৪৩.২৬.৫৫০০.০০১.২৩.০২৩.১৩.১৬১

তারিখ : ২৬/০৭/২০২৩ খ্রি:

‘জাতীয় শোক দিবস-২০২৩’ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক রংপুর জেলার বিভিন্ন স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং সর্বসাধারণের জন্য রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সকল প্রতিযোগিকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

(ক) রচনা প্রতিযোগিতা :


ক্রঃ	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেওয়ার শেষ তারিখ
১	ক	পঞ্চম-অষ্টম	আমাদের জাতির পিতা	১০০০	১৪/০৮/২০২৩খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি গ্রন্থাগারে পৌছাতে হবে
২	খ	নবম-দ্বাদশ	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	১২০০	
৩	গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান	১৫০০	

খ. চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র:নং	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	চিত্রাংকনের স্থান ও সময় সীমা
১	ক	অনুর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত	১৪/০৮/২০২৩খ্রি: তারিখ বিকাল ৩.০০ টায় গ্রন্থাগারের পাঠকক্ষে অনুষ্ঠিত হবে। বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
২	খ	৮-১২ বছর	শিশুদের সঙ্গে বঙ্গবন্ধু	
৩	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

শর্তাবলীঃ

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রংপুর বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রত্যেক প্রতিযোগীকে বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।

  
(মো: আবেদ হোসেন)  
সহকারী পরিচালক  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার  
রংপুর